দৈনিক সংবাদ

তারিখ 02 JAN 1994
পৃষ্ঠা ১ কলাম ৬

27

# বুয়েট আজ খুলছে শিক্ষক ধর্মঘট অব্যাহত

।। আনোয়ার সাদাত ।।

শীতকালীন ছুটির পর আজ রোববার থেকে প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) খোলার কথা থাকলেও শিক্ষক ধর্মঘট অব্যাহত থাকায় ক্লাস হবে না। ছাত্রছাত্রীরা

বুয়েট ঃ পৃঃ ৬ কঃ ৫

## বুয়েট ঃ ধর্মঘট অব্যাহত

( ১ম পৃষ্ঠার পর )

ছুটি কাটিয়ে গতকাল পর্যন্ত প্রায় সবাই হলে ফিরে এসেছে।

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির দু'দফা দাবিতে শিক্ষকরা গত ৮ই ডিসেম্বর থেকে আংশিক ধর্মঘট শুরু করেন। এই ধর্মঘটের আওতায় শিক্ষকরা তৃতীয় ও চতুর্থ বর্ষের ক্লাস নেয়া থেকে বিরত থাকেন। শিক্ষকরা তাদের দাবি আদায়ের জন্য ধর্মঘটের আওতায় ১৯শে ডিসেম্বর থেকে প্রথম ও দ্বিতীয় বর্ষের ক্লাস অন্তর্ভুক্ত করলে সেদিনই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ২০শে ডিসেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ে ১৩ দিনের শীতকালীন ছুটি ঘোষণা করে। একাডেমিক কাউন্সিল কর্তৃক পূর্ব নির্ধারিত সময়সূচী এগিয়ে এনে এই ছুটি ঘোষণা করা হয়।

এর আগে শিক্ষকদের ধর্মঘটের কারণে ইউকসু নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়। আগামী ৬ই জানুয়ারি এই নির্বাচনের তারিখ নির্ধারিত হয়েছিল।

শিক্ষক সমিতির দু'দফা দাবির একটি হচ্ছে ভাতা সংক্রান্ত।

শিক্ষক সমিতি গত ১লা আগস্ট বিশ্ব-বিদ্যালয়ের উপাচার্যের বাসভবনে সংঘটিত ভাঙচুরের ঘটনার বিচার দাবি করেছে।

গত ৩০শে ডিসেম্বর শিক্ষক সমিতির এক সাধারণ সভায় শিক্ষক ধর্মঘট অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ডঃ আব্দুর রাজ্জাক আখন্দের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, সমিতির সাধারণ সভাতেই পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।